

মঙ্গলবার, ১০ই জানুয়ারি, ২০২৩

খ্রিস্টাব্দ | ২৬শে পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ



সিভাসুতে বায়োকেমিস্ট্রি লেকচার প্রতিযোগিতা

সিভাসু প্রতিনিধি।

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ে (সিভাসু) ‘বায়োকেমিস্ট্রি লেকচার প্রতিযোগিতা-২০২৩’ অনুষ্ঠিত হয়েছে। ফিজিওলজি, বায়োকেমিস্ট্রি ও ফার্মাকোলজি বিভাগ এ প্রতিযোগিতার আয়োজন করে।

গত সোমবার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত উক্ত প্রতিযোগিতার উদ্বোধন করেন সিভাসু’র উপাচার্য প্রফেসর ড. এএসএম লুৎফুল আহসান।

ফুড সায়েন্স অ্যান্ড টেকনোলজি অনুষদের ১ম বর্ষ ২য় সেমিস্টারের শিক্ষার্থীরা মোট ৮টি দলে বিভক্ত হয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। তারা ‘বায়োকেমিস্ট্রি’ কোর্সের ওপর তথ্যবহুল বক্তব্য উপস্থাপন করে। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে সনদ ও পুরস্কার বিতরণ করা হয়।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফুড সায়েন্স অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন প্রফেসর ড. মো. আশরাফ আলি বিশ্বাস, বিশেষ অতিথি ছিলেন পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) প্রফেসর ড. এস. কে. এম. আজিজুল ইসলাম। সভাপতিত্ব করেন ফিজিওলজি, বায়োকেমিস্ট্রি ও ফার্মাকোলজি বিভাগের প্রধান প্রফেসর ড. শাহনেওয়াজ আলী খান।

‘বায়োকেমিস্ট্রি লেকচার প্রতিযোগিতা-২০২৩’ এর সার্বিক তত্ত্বাবধানে ছিলেন ফিজিওলজি, বায়োকেমিস্ট্রি ও ফার্মাকোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো: সোহেল আল ফারুক।